দর্শনায় ৭ কেজি গাঁজাসহ একজন আটক

চুয়াডাঙ্গা ডিবি পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৭ কেজি গাঁজাসহ দর্শনা দক্ষিনচাদপুর গ্রামের রাসেলকে (৩০)আটক করেছে।

আটককৃত গাঁজা ব্যাবসায়ী দক্ষিনচাদপুর হল্ট ষ্টেশন পাড়ার রবিউলের ছেলে। জানাযায় আজ বুধবার সকাল সাড়ে ৬ টার দিকে চুয়াডাঙ্গা ডিবি পুলিশের অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে অভিযান চালায় দর্শনা পৌরসভার দক্ষিনচাদপুর হল্ট ষ্টেশন পাড়ায়।

এ সময় ডিবি পুলিশের এসআই মুহিদ হাসান, এএসআই মামুনুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় মেসার্স সামাদ ট্রেডার্স দোকানের সামনে। এ সময় ডিবি পুলিশ প্লষ্টিকে মোড়ানো বস্তায় বেধে নিয়ে যাওয়ার সময় তাকে আটক করে। পরে বস্তা তল্লাশি করে ৭ কেজি গাঁজা উদ্ধার করে।

এ ঘটনায় এস আই মুহিত বাদি হয়ে দর্শনা থানায় মাদক আইনে মামলা দায়ের করেছে। আটককৃতকে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

গাংনীতে ৭ কেজি গাঁজা সহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

গাংনীতে ৭ কেজি গাঁজা সহ রাজিব ইসলাম (২৫) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব ১২)।

আজ রবিবার (৩০ জুলাই) দুপুরে গাংনী উপজেলার গাংনী-সাহারবাটি চারচারা বাজারগামী পাকা রাস্তার কাটাখালীর মোড়ে অভিযান পরিচালনা করে তাকে গ্রেফতার করা হয়। এসময় তার কাছ থেকে ৭ কেজি গাঁজা একটি ইজিবাইক ও একটি মোবাইল ফোন জব্দ করা হয়।

গ্রেফতারকৃত রাজিবুল ইসলাম কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার অঞ্জনগাছী গ্রামের নজরুল ইসলামের ছেলে।

গাংনী র্যাব ১২ কমান্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার মোঃ গোলাম ফারুক বলেন, প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায় যে, এই মাদক ব্যবসায়ী দীর্ঘদিন যাবৎ আইন প্রয়োগকারী সংস্থার চোখ ফাঁকি দিয়ে কুষ্টিয়া জেলার মিরপুর থানা হতে মেহেরপুর জেলার গাংনী থানায় এসে মাদকদ্রব্য গাঁজা ক্রয় করে মেহেরপুর ও কুষ্টিয়া জেলার বিভিন্ন এলাকায় মাদক ব্যবসায়ী ও মাদকসেবীদের নিকট বিক্রয় করে আসছে। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়।